বাংলাদেশ ব্যাংক
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং-এফইপিডি/২০২৫/০১ | তারিখ : এপ্রিল ১৩, ২০২৫

নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা সংক্রান্ত নিরীক্ষা কার্যক্রমের জন্য যোগ্য সিএমএ ফার্মের তালিকা প্রণয়নকল্পে দরখাস্ত আহ্বান।

ব্যাংকের মাধ্যমে পরিশোধিত নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক যোগ্য সিএমএ ফার্মের তালিকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে মার্চ ১২, ২০২৫ তারিখে ফার্মের প্রতিষ্ঠাকাল ন্যূনতম ৪ (চার) বছর হওয়া সাপেক্ষে আগ্রহী সকল যোগ্য কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস্ (সিএমএ) ফার্মকে আগামী মে ১২, ২০২৫ তারিখের মধ্যে পরিচালক (এফইপিডি), বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (ডিভিশন-১), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এনেক্স-২ ভবন (১৪ তলা), মতিঝিল, ঢাকা বরাবর প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদনের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। প্রয়োজনীয় দলিলাদি ও আবেদন ফরম বাংলাদেশ ব্যাংক এর ওয়েবসাইট www.bb.org.bd এর নোটিশ বোর্ড অংশ থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনকারী কোনো ফার্ম চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হতে ব্যর্থ হলে তালিকা প্রকাশের পরবর্তী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পুনর্বিবেচনার জন্য উপরোল্লিখিত ঠিকানায় আবেদনের সুযোগ পাবে।

বাংলাদেশ ব্যাংক প্রয়োজনবোধে আবেদনকারী সিএমএ ফার্মের কার্যালয় সরেজমিনে পরিদর্শন করবে। তালিকাভুক্ত কোনো সিএমএ ফার্ম একটি নির্দিষ্ট অর্থবছরে সর্বোচ্চ ০৩ (তিন) টি ব্যাংকে নগদ সহায়তা নিরীক্ষার কার্যক্রম পরিচালনা করতে পারবে।

বাংলাদেশ ব্যাংক অনিবার্য কারণে এ বিজ্ঞপ্তি/বিজ্ঞপ্তির অংশবিশেষ/বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী বাতিল/ পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)

সিএমএ ফার্ম তালিকাভুক্তির আবেদন ফরম

১. ফার্মের নাম

২. ফার্মের ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল :

৩. ফার্মের ধরণ:

৪. ফার্মের কার্যক্রম শুরুর তারিখ ও রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে) :

৫. ফার্মের কার্যালয়ের সংখ্যা, প্রতিটির ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল :

৬. ফার্মের পার্টনারদের তথ্য :

	নাম ও পদবি	এনআইডি ও টিন নম্বর	জন্ম তারিখ	জাতীয়তা	আইসিএমএবি'র সদস্য নম্বর ও তারিখ	অভিজ্ঞতা
পার্টনার-১						
পার্টনার-২						
পার্টনার-৩						

৭. অন্যান্য প্রযোজ্য তথ্য (যদি থাকে) :

তারিখ :

স্বাক্ষর
আবেদনকারীর নাম :
পদবি
সিল

আমি/আমরা এ মর্মে ঘোষণা করছি যে, উপরোল্লিখিত তথ্য সত্য, নির্ভুল ও সম্পূর্ণ। কোনো সত্য গোপন করা হয়নি। আবেদন ফরমে উল্লিখিত তথ্য, তদসংক্রান্ত দলিলাদি প্রয়োজনে যাচাই করা যাবে। আমি/আমরা আরো ঘোষণা করছি যে, সরকারের রাজস্ব খাত থেকে প্রদেয় নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার কেসগুলো নিরীক্ষার ক্ষেত্রে সার্কুলার/বিধিবিধানের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করব এবং পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখব। এছাড়া নিরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ গুণগত মান অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করব এবং পরিপূর্ণ নিশ্চিত হয়ে প্রত্যয়নপত্র ইস্যু করব। নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার ক্ষেত্রে ভুল/মিথ্যা প্রত্যায়নপত্র ইস্যুর জন্য আমি/আমরা সম্পূর্ণভাবে দায়ী থাকব। ভুল/মিথ্যা প্রত্যায়নপত্র ইস্যু করা হলে সংশ্লিষ্ট সম্পূর্ণ অডিট ফি ফেরত দিতে বাধ্য থাকব। এছাড়া আমার/আমাদের ফার্মকে তালিকা বহির্ভূত রাখাসহ ফার্মের বিরুদ্ধে আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

তারিখ :

স্বাক্ষর
আবেদনকারীর নাম
(অংশীদারি ফার্ম হলে ক্ষমতাপ্রাপ্ত অংশীদার)

যোগ্য সিএমএ ফার্মের তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য তথ্যাবলী ও দলিলাদি

ক্রমিক নং	আবশ্যক তথ্যাদি	আবশ্যক দলিলাদি
০১.	ফার্মের নাম, ঠিকানা, বয়স ও নিবন্ধন সংক্রান্ত দলিলাদি	ক) ফার্মের নাম এবং প্রতিষ্ঠার তারিখ/সন সম্বলিত আইসিএমএবি প্রদত্ত প্রত্যয়নপত্র খ) আইসিএমএবি প্রদত্ত Certificate of Practice ও এফআরসি প্রদত্ত নিবন্ধন নম্বর। গ) সিএমএ ফার্মের ট্রেড লাইসেন্স, টিন নম্বর, ভ্যাট নিবন্ধন সনদ ;
০২.	পার্টনারদের সংখ্যা ও নাম (পার্টনারশীপ ফার্ম হলে)	ক) পার্টনারশীপ ডিডের কপি খ) পার্টনার হিসেবে ফার্মে অন্তর্ভুক্তির অনুমতি ও তারিখ সম্বলিত আইসিএমএবি'র প্রত্যয়নপত্র এবং অংশীদারগণের হালনাগাদ সিওপি। গ) পার্টনার এফসিএমএ বা এসিএমএ হলে সে সংখ্যা এবং এতদ্‌সংক্রান্ত সার্টিফিকেটের কপি
০৩.	কস্ট অডিট বা অন্যান্য পেশাদারী সেবা সংক্রান্ত অভিজ্ঞতা	ক) বিগত ০৫ (পাঁচ) বছরে কস্ট অডিট বা অন্যান্য পেশাদারী নিরীক্ষা সেবা প্রদান করা হয়েছে এরূপ প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষার সাল এবং নিরীক্ষার ধরন বা প্রকৃতি। খ) কস্ট অডিট বা অন্যান্য পেশাদারী সেবার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। গ) নিরীক্ষা প্রতিবেদন বা সেবা প্রদানের প্রমাণক।
০৪.	ফার্মের বার্ষিক টার্নওভার	বার্ষিক টার্নওভার-এর প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট আয়ের ভাউচার, আর্থিক বিবরণী, ব্যাংক স্টেটমেন্ট এবং ফার্ম/পার্টনারের (প্রযোজ্য ক্ষেত্রে উভয়ের) সর্বশেষ প্রদত্ত আয়কর বিবরণীর (Supported by certified IT10B) কপি।
০৫.	প্রিন্সিপাল অব ফার্ম/পার্টনারদের অভিজ্ঞতা	ক) আইসিএমএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর; খ) প্রিন্সিপাল অব ফার্ম/পার্টনারদের বায়োডাটা; গ) নিরীক্ষা ব্যতীত ব্যাংকে সরাসরি কাজের অভিজ্ঞতা (পাঁচ বছরের অধিক) থাকলে সে সংক্রান্ত অভিজ্ঞতা সনদের কপি।
০৬.	(i) প্রিন্সিপাল অব ফার্ম/অংশীদার ব্যতীত ফার্মে কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টদের পেশাগত শিক্ষা ও অভিজ্ঞতা।	ক) আইসিএমএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর। খ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র
	(ii) কোর্স কমপ্লিট ছাত্র : ক) পার্ট কোয়ালিফাইড খ) কোর্স কমপ্লিট	ক) পার্ট কোয়ালিফাইড ছাত্রদের নাম এবং লেভেল অব ইগ্‌জামিনেশন উল্লেখপূর্বক আইসিএমএবি প্রদত্ত সার্টিফিকেট। খ) কোর্স কমপ্লিট ছাত্রদের নাম এবং ফার্মের প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত কোর্স সমাপ্তির সার্টিফিকেট গ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র। ঘ) অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে সংশ্লিষ্ট ব্যক্তির ঘোষণাপত্র। ছাত্রদের নাম, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ এবং প্রত্যেক ছাত্রের রেজিস্ট্রেশন নম্বর
	(iii) আর্টিকেলড স্টুডেন্ট (শিক্ষানবিশ ছাত্র)	ছাত্রদের নাম, রেজিস্ট্রেশন নম্বর, তারিখ এবং প্রত্যেক ছাত্রের রেজিস্ট্রেশন সংক্রান্ত আইসিএমএবি প্রদত্ত প্রত্যয়নপত্র
০৭.	অফিস আয়তন (বর্গফুট)	অফিস আয়তন (বর্গফুট), ভাড়ায় পরিচালিত অফিসের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্রের কপি এবং নিজ মালিকানাধীন অফিসের ক্ষেত্রে নিজস্ব ঘোষণাপত্র।
০৮.	আইটি সিস্টেম্‌স ও ইকুইপমেন্ট (অফিসে ব্যবহৃত আইটি ইক্যুইপমেন্ট, কম্পিউটার/ ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ইন্ট্রানেট, ইন্টারনেট ইত্যাদি)	ক) আইটি ইক্যুইপমেন্টের ইনভেন্টরি'র কপি (ইক্যুইপমেন্টের ধরন, মডেল, সিরিয়াল নম্বর, ব্যবহারকারীর নাম ইত্যাদি আবশ্যিকভাবে থাকতে হবে)। খ) কস্ট অডিট বা অন্য কোনো পেশাদারী সেবা প্রদানের জন্য অডিট টুলস্ ব্যবহার করা হয়ে থাকলে উক্ত সফট্‌ওয়্যারের নাম এবং

		সফট্ওয়্যার ক্রয় সংক্রান্ত দলিলাদি। গ) অফিস প্রাঙ্গনে নেটওয়ার্কিং/সার্বক্ষণিক ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকলে ইন্টারনেট সার্ভিসের প্রকৃতি (ব্রডব্যান্ড/ওয়্যারলেস/অন্যান্য এবং সার্ভিস প্রোভাইডারের নাম সম্বলিত ফার্মের ঘোষণাপত্র)। ঘ) ফার্মের নিজস্ব ওয়েবসাইট থাকলে সেই ওয়েবসাইটের ঠিকানা।
০৯.	আইটি প্রফেশনাল এবং আইটি সিস্টেম অডিটের অভিজ্ঞতা	ক) CISA/CISO/CISSP/CISM/CEH/CHH হতে পেশাগত সনদ প্রাপ্ত আইটি অডিটর থাকলে সে সংক্রান্ত সনদপত্রের কপি। খ) ব্যাংক/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে আইটি সিস্টেমস অডিটের অভিজ্ঞতা থাকলে নিরীক্ষাকৃত প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষা সাল সংক্রান্ত তথ্য। গ) নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। ঘ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র।
১০.	প্রিন্সিপাল অব ফার্ম/অংশীদার/ফার্মের আইসিএমএ কর্মকর্তাদের নগদ সহায়তা নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত অভিজ্ঞতা ও এতদসংক্রান্ত ম্যানুয়েল	ক) প্রিন্সিপাল অব ফার্ম/অংশীদার/ফার্মের আইসিএমএ কর্মকর্তাদের নগদ সহায়তা নিরীক্ষা কার্যক্রমের অভিজ্ঞতা সংক্রান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সনদ। খ) নগদ সহায়তার নিরীক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মের নিজস্ব উপযুক্ত নিরীক্ষা ম্যানুয়েল/চেকলিষ্ট-এর কপি।
১১.	ফার্মের মোট জনবল (সাপোর্ট স্টাফ যেমন : পিওন, সিকিউরিটি গার্ড ইত্যাদি ব্যতীত)	ফার্মের মোট জনবলের সংখ্যা ও বিবরণ সংক্রান্ত ঘোষণাপত্র।
১২.	ব্যাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, ইন্সটিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট অব বাংলাদেশ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক কোনো সিএমএ ফার্ম বা ফার্মের অংশীদারের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হলে তার বিস্তারিত বিবরণ (গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার বিপরীতে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে তাও উল্লেখ করতে হবে)।	শাস্তির প্রকৃতি, প্রযোজ্য ক্ষেত্রে মেয়াদ, অর্থদন্ড হয়ে থাকলে তার পরিমাণসহ আরোপিত শাক্তিমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ এবং এ প্রসঙ্গে রেগুলেটরি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত পত্রের কপি। এছাড়া শাস্তির বিরুদ্ধে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে উক্ত আদেশের কপি। উল্লিখিত রেগুলেটরি প্রতিষ্ঠান বা অন্য কোনো সংস্থা কর্তৃক কখনও কোনো ধরনের শাস্তিমূলক ব্যবস্থা আরোপিত না হয়ে থাকলে সে বিষয়ে ফার্মের ঘোষণা।
১৩.	ফার্মের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্য	ফার্মের বিরুদ্ধে কোনো মামলা-মোকদ্দমা থাকলে তার কারণসহ ও সর্বশেষ অবস্থার বিবরণ এবং এতদসংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। মামলা-মোকদ্দমা না থাকলে ফার্মের প্যাডে প্রিন্সিপাল অব ফার্ম/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার এতদসংক্রান্ত ঘোষণা প্রদান করতে হবে।
১৪.	ফার্ম/পার্টনারের সাথে ব্যাংকের স্বার্থসংশ্লিষ্টতার তথ্য	ফার্ম বা ফার্মের এক বা একাধিক পার্টনারের সাথে কোনো ব্যাংকের স্বার্থসংশ্লিষ্টতা রয়েছে/ছিল কিনা তার বিস্তারিত বর্ণনা। ফার্মের প্যাডে প্রিন্সিপাল অব ফার্ম/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার এতদসংক্রান্ত ঘোষণা প্রদান করতে হবে। * 'স্বার্থ সংশ্লিষ্টতা' বলতে বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারী, পরামর্শক, পরিচালক, শেয়ারহোল্ডার, ট্রাস্টি, ফান্ড/পোর্টফোলিও ম্যানেজার, প্যানেল আইনজীবী/লিগ্যাল রিটেইনার (FCMA এর অতিরিক্ত হিসেবে LLB, LLM বা অন্য কোনো আইনসংক্রান্ত সনদ থাকলে), ঋণগ্রহীতা, এজেন্ট এবং ব্যাংকের স্বার্থ ক্ষুন্ন হলে যুগপৎভাবে ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিকভাবে উক্ত ফার্ম/পার্টনারগণের স্বার্থ ক্ষুন্ন হয় এমন কোনো কাজে সম্পৃক্ততা বুঝাবে।

নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা সংক্রান্ত নিরীক্ষা কার্যক্রমের নিমিত্ত যোগ্য সিএমএ ফার্মের তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য ঘোষণাপত্রে সন্নিবেশযোগ্য বিষয়াবলী

১. আবেদনের তারিখে ফার্ম/পার্টনার বা তাদের স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণখেলাপী কিনা বা আদালত কর্তৃক উক্ত ফার্ম এবং ফার্মের পার্টনারদের অনুকূলে কোন Stay order (যেমনঃ CIB সংক্রান্ত) জারি করা হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে;

২. কোন রেগুলেটরি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক অতীত/বর্তমানে ফার্মের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন/অভিযোগ প্রমাণিত হওয়া/শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হওয়ার রেকর্ড থাকলে তা নিম্নোক্ত ছকে উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ঃ

ক্রমিক নং	অভিযোগের তারিখ	অভিযোগ উত্থাপনকারী কর্তৃপক্ষ	অভিযোগের বিস্তারিত বিবরণ	অভিযোগ প্রমাণের তারিখ	গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সুনির্দিষ্ট বিবরণ	শাস্তির বিরুদ্ধে আপিলের সুনির্দিষ্ট বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	গৃহীত চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থার বিবরণ	চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থার পরিপালনের হালনাগাদ তথ্য	চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থার বর্তমান অবস্থা (চলমান/মেয়াদোত্তীর্ণ)	চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থা নিষ্পত্তির বিবরণ	মন্তব্য/সামগ্রিক বিষয়ে ফার্ম/পার্টনারের বক্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

* শাস্তিমূলক ব্যবস্থা বলতে ফার্মের বিরুদ্ধে অভিযোগের কারণে যে কোন রেগুলেটরি সংস্থা/বিভাগ কর্তৃক সতর্কীকরণ, তিরস্কার, জরিমানা, সিওপি স্থগিতকরণ, অন্তবর্তীকালীন বা নিদিষ্ট সময়ের জন্য নিরীক্ষা কার্যক্রম হতে বিরত রাখা ইত্যাদি।

***** ঘোষণাপত্রে বর্ণিত বিষয়াদি সিএমএ ফার্মসমূহ কর্তৃক তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের সময় সংযোজনী আকারে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (ডিভিশন-১) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে।**